বিশ্বকে আরও মহামারীর জন্য প্রস্তুত থাকতে বলল বিশ্ব স্বাস্থ্য সংস্থা

করোনাভাইরাস মহামারীতে বিপর্যস্ত হয়ে পড়েছে গোটা বিশ্ব। এই ভাইরাসের তাণ্ডবে স্থবির হয়ে পড়েছে বিশ্ব অর্থনীতি। কাজ হারিয়েছেন অসংখ্য মানুষ। সফল ও কার্যকরী কোনও প্রতিষেধক না থাকায় করোনা থেকে উত্তরণের পর আবার সংক্রমণের শিকার হচ্ছে বিভিন্ন দেশ। প্রতিদিন বিশ্বজুড়ে লাখ লাখ মানুষ আক্রান্ত হচ্ছে প্রাণঘাতী এই ভাইরাসে। মারা যাচ্ছে হাজার হাজার।

করোনা যখন বিশ্বব্যাপী মানুষের জনজীবন বিপর্যস্ত করে ফেলেছে, ঠিক তখন বিশ্ব স্বাস্থ্য সংস্থা শোনাল আরও ভয়ঙ্কর তথ্য। সতর্ক করল আরও ভয়াবহ মহামারী সম্পর্কে।

জাতিসংঘের স্বাস্থ্য বিষয়ক বিশেষায়িত এই সংস্থার প্রধান টেড্রোস আধানম ঘেব্রেইয়াসুস বলেছেন, “এটাই (করোনা) শেষ মহামারী নয়। ইতিহাস আমাদের শিক্ষা দিয়েছে যে প্রাদুর্ভাব ও মহামারী আমাদের জীবনের অংশ। সুতরাং পরবর্তী মহামারী আসার আগেই বিশ্বেকে সেটার জন্য প্রস্তুত হতে হবে এবং সে জন্য বর্তমানের এই মহামারীর চেয়ে আরও বেশি প্রস্তুত থাকতে হবে।”

মহারমারী করোনাভাইরাসে মঙ্গলবার সকাল সাড়ে ৮টা পর্যন্ত ২ কোটি ৭৪ লাখ ৮৫ হাজার ৪৮৮ জন মানুষ আক্রান্ত হয়েছে। মারা গেছে ৮ লাখ ৯৬ হাজার ৮৪২ জন। সূত্র: আল-জাজিরা, হিন্দুস্তান টাইমস, ওয়ার্ল্ডওমিটার

মাত্র কয়েক ঘণ্টার ব্যবধানে

করোনায় বড়সড় ৩টি ধাক্কা খেয়ে বেসামাল ভারত!

ভারতে আরও বিধ্বংসী রূপ নিয়েছে প্রাণঘাতী করোনাভাইরাস। মাত্র কয়েক ঘণ্টার মধ্যে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম জনসংখ্যার এই দেশটিকে বড়সড় তিনটি ধাক্কা দিল এই মহামারী।

ব্রাজিলকে পেরিয়ে রবিবার রাতেই করোনা সংক্রমণের বিশ্ব-তালিকার দ্বিতীয় স্থানে উঠে এসেছে ভারত।

রাত পোহাতেই ভারতের কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয় জানাল, গত ২৪ ঘণ্টায় দেশটিতে সংক্রমিতের সংখ্যা ৯০ হাজার পেরিয়েছে!

আর সোমবার সকালেই বেঙ্গালুরুর একটি হাসপাতাল জানাল, সুস্থ হওয়ার পরও ফের করোনার সংক্রমণ ধরা পড়তে শুরু করেছে। দ্বিতীয় বার সংক্রমিত হওয়ার ঘটনাও সামনে আসতে শুরু করেছে।

ভারতে দৈনিক এক লাখ সংক্রমণ যে হতে পারে, করোনা-পর্ব শুরুর পর সেই আশঙ্কা করেছিলেন বিশেষজ্ঞদের একাংশ। আজকের পরিসংখ্যানের সৌজন্যে ওই ভবিষ্যদ্বাণী আর অসম্ভব মনে হচ্ছে না। সরকারি হিসাবে মৃতের সংখ্যা হাজার পেরোচ্ছে প্রায় প্রতিদিনই।

‘ওয়ার্ল্ডওমিটার্স’-এর হিসাাবে ভারতে কোভিডে মোট মৃত্যু ৭১ হাজার পেরিয়ে গিয়েছে। আন্তর্জাতিক ওই সমীক্ষা অনুযায়ী, দেশটিতে সংক্রমিতের সংখ্যা ৪২ লাখ পেরিয়েছে।

যদিও স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিবৃতির শিরোনামে অবশ্য সুস্থতার রেকর্ডের কথাই রয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয়ের বক্তব্য, পরপর দু’দিন গোটা দেশে ৭০ হাজারের বেশি কোভিড রোগী (গত ২৪ ঘণ্টায় ৭৩ হাজারের বেশি) সেরে উঠেছেন।

সুস্থতার হার পৌঁছেছে ৭৭.৩২ শতাংশে। অ্যাক্টিভ রোগী যেখানে ৮.৬২ লাখ, সেখানে সুস্থের সংখ্যা ৩২ লাখের কাছাকাছি— প্রায় চার গুণ। মৃত্যুহার ১.৭২ শতাংশে নেমেছে। মোট সংক্রমিতের মাত্র ২০.৯৬ শতাংশ এখন অ্যাক্টিভ রোগী। সূত্র: আনন্দবাজার

মসজিদে বিস্ফোরণের ঘটনায় মার্কিন রাষ্ট্রদূতের শোক

নারায়ণগঞ্জের ফতুল্লার বায়তুস সালাত জামে মসজিদে বিস্ফোরণের ঘটনায় মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার। রবিবার এক বার্তায় এই শোক প্রকাশ করেন তিনি।

শোক বার্তায় মিলার বলেন, নারায়ণগঞ্জের ফতুল্লার বায়তুস সালাত জামে মসজিদে দূর্ঘটনায় মার্কিন দূতাবাসের পক্ষ থেকে নিহতদের স্বজনদের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছি। আহতরা দ্রুত সুস্থ কামনা করছি আমরা।

উল্লেখ্য, ৪ সেপ্টেম্বর রাত পৌনে ৯টায় নারায়ণগঞ্জের ফতুল্লার তল্লা এলাকার বাইতুস সালাত জামে মসজিদে বিস্ফোরণের ঘটনা ঘটে। বিস্ফোরণে দগ্ধ ৩৭ জনকে শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক ইনস্টিটিউটে ভর্তি করা হয়। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় এরমধ্যে ২৬ জনের মৃত্যু হয়েছে। বাকি মুসল্লিদের অবস্থাও আশঙ্কাজনক।

সূত্র- বিডি প্রতিদিন

জাপানে ধেয়ে আসছে টাইফুন ‘হাইসেন’, সতর্ক ২২ হাজার সেনা

কয়েকদিনের মধ্যেই আছড়ে পড়তে চলেছে ভয়ঙ্কর টাইফুন হাইসেন। আশঙ্কায় ইতিমধ্যেই ২২,০০০ সেনাকে পুরোপুরি অ্যালার্টে রাখা হয়েছে বলে জানাচ্ছেন জাপানের প্রতিরক্ষামন্ত্রী তারো কোনো।

জাপানের দক্ষিণ পশ্চিম অংশে এই বিধ্বংসী টাইফুন আছড়ে পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। তারো কোনো জানিয়েছেন, যদি কোনও কিছু ঘটে যায়, তবে ২২০০০ সেনা পুরোপুরি সতর্ক রয়েছেন। যে কোনও কিছুর জন্য প্রস্তুত থাকার কথাও জানিয়েছেন তিনি।

জাপানের আবহাওয়া সংস্থা ইতিমধ্যেই জানিয়েছে, টাইফুনের ফলে সমুদ্রের জলে ব্যাপক ঢেউ দেখা যেতে পারে। এই ঢেউয়ের মাত্রা বলতে গিয়ে তারা সুনামির সঙ্গে তুলনা করেছেন। ফলে আতঙ্ক তৈরি হয়েছে জাপানবাসীর জনমনে।

হাইসেনের কেন্দ্রে অ্যাটমোস্ফেরিক চাপ থাকছে ৯২০ হেক্টোপ্যাস্কাল। এর হাওয়ার শক্তি ঘন্টা প্রতি থাকছে ১৮০ কিলোমিটার। মনে করা হচ্ছে রবিবার সন্ধ্যা অথবা আগামীকাল সোমবারের মধ্যেই জাপানে আছড়ে পড়তে পারে এই হাইসেন।

ইতিমধ্যেই জাপান সরকার একদিকে যেমন সেনাদের ‘ফুল অ্যালার্ট’ করেছে। অন্যদিকে, হাইসেনের গুরুত্ব বুঝে ইতিমধ্যেই প্রায় ১০০ এর কাছাকাছি বিমানের উড়ান বাতিল করা হয়েছে বলে জানা গেছে।

উল্লেখ্য, টাইফুন আসলে ঘূর্ণিঝড়েরই অপর নাম। অঞ্চলভেদে ঘূর্ণিঝড়ের নাম বদলে কখনও হয়েছে সাইক্লোন, হারিকেন , আবার কখনও টাইফুন। প্রশান্ত মহাসাগর এলাকা তথা চীন, জাপানের আশেপাশে ঘূর্নিঝড়কে টাইফুন বলা হয়।

সূত্র- বিডি-প্রতিদিন

সমর্থকদের ২ বার করে ভোট দিতে বললেন ট্রাম্প

সমর্থকদের দু’বার করে ভোট দিতে বলছেন মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। একবার ডাকযোগে আর একবার সশরীরে ভোটকেন্দ্রে গিয়ে। উত্তর ক্যারোলাইনার উইলমিংটনে গিয়ে একটি সাক্ষাৎকারে তিনি বলেন, তাদের কথা মতো ব্যবস্থাপনা যদি এতই

ভাল হয়, তাহলে সশরীরে ভোটকেন্দ্রে গিয়ে ভোটই দিতে পারবেন না কেউ।’

শুরু থেকেই ডাকযোগে ভোটের বিরোধিতা করে গেছেন ট্রাম্প। প্রমাণ ছাড়াই তার অভিযোগ, মেইল ইন ব্যালটে ভোট হলে জালিয়াতি করার সুযোগ পাবে ডেমোক্র্যাটরা!। পেনসিলভ্যানিয়ার ল্যাট্রোবে গিয়ে তিনি বলেন, নিশ্চিৎ করতে হবে, আপনার ভোটটি যাতে গোনা হয়। কারণ একমাত্র জালিয়াতি করেই তারা আমাদের হারাতে পারবে। একবারের বেশি ভোট দান যুক্তরাষ্ট্রে বেআইনি। শুধু তাই নয়, এই কাজে মদত দেওয়ারও উত্তর ক্যারোলাইনার মতো রাজ্যে গুরুতর অপরাধ!

নর্থ ক্যারোলিনার অ্যাটর্নি জেনারেল জশ স্টেইন বলেন, প্রকাশ্য জনসভায় দাঁড়িয়ে আইন ভাঙার কথা বলছেন ট্রাম্প। টুইটারে স্টেইন লেখেন, অবশ্যই ভোট দিন। তবে দু’বার না। আমার হাতে যা ক্ষমতা আছে, তা দিয়ে নভেম্বরে সাধারণ মানুষের স্বার্থ সুরক্ষিত করার চেষ্টা করব আমি। এত বিতর্কের মাঝেও নিজের বক্তব্যে অনড় প্রেসিডেন্ট ট্রাম্প। তিনি টুইটে বলছেন, ডাকযোগে ভোট দেওয়ার পর সোজা বুথ কেন্দ্রে ভোট দিতে পৌঁছে যাবেন।

ডেমোক্র্যাটিক ন্যাশনাল কনভেনশনের ডিরেক্টর রেইনা ওয়াল্টার্স-মরগ্যান বলেন, স্পষ্ট করে দিতে চাই, ডাকযোগে ভোট একেবারে নিরাপদ। সুরক্ষিত উপায়েই ভোট দিতে পারবেন নাগরিকেরা। ট্রাম্পের উচিত, গোটা প্রক্রিয়াকে আরও সহজ করে তোলা। কঠিন করা তোলা নয়।

উত্তর ক্যারোলাইনার বোর্ড অফ ইলেকশনের মুখপাত্র প্যাট্রিক গ্যানন বলছেন, ‘দু’বার ভোটদান সম্ভব নয়। প্রথমত, এটা বড় অপরাধ। দ্বিতীয়ত, ব্যালট ডাকযোগে আমাদের হাতে এসে পৌঁছানোর আগেই যদি কেউ বুথে গিয়ে ভোট দেন, তাহলেই ওই ভোটটিই গোনা হবে। ব্যালট পরে এসে পৌঁছালেও তা বাতিল হয়ে যাবে।

সূত্র- বিডি-প্রতিদিন

ইরাক থেকে সব মার্কিন সেনা প্রত্যাহারের আহ্বান রাশিয়ার

ইরাক থেকে সব মার্কিন সেনা প্রত্যাহার করার জন্য ওয়াশিংটনের প্রতি আহ্বান জানিয়েছে রাশিয়া। মার্কিন সরকার ইরাক থেকে কিছু সেনা সরিয়ে নিচ্ছে বলে খবর প্রকাশিত হওয়ার পর মস্কো এ আহ্বান জানাল।

রুশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মারিয়া জাখারোভা মস্কোয় এক সংবাদ সম্মেলনে বলেন, মধ্যপ্রাচ্যে থেকে বিশেষ করে ইরাকের মাটি থেকে সেনা প্রত্যাহার হবে আমেরিকার জন্য সবচেয়ে উপযুক্ত পদক্ষেপ।

তিনি বলেন, ইরাকে মার্কিন সেনা উপস্থিতি মধ্যপ্রাচ্যের এ দেশটিতে শান্তি, নিরাপত্তা ও স্থিতিশীলতা বয়ে আনতে পারেনি বরং উল্টো গোটা অঞ্চলে উত্তেজনা বাড়িয়ে দিয়েছে।
রাশিয়ার এই কূটনীতিক আরও বলেন, এখন পর্যন্ত মার্কিন কর্মকর্তারা বিশ্বের বিভিন্ন অঞ্চল থেকে সেনা প্রত্যাহার করার যে ঘোষণা দিয়েছেন তার বেশিরভাগই বাস্তবায়িত হয়নি।

তবে সেসব ঘোষণাকে পেছনে ফেলে ইরাক থেকে মার্কিন সেনা প্রত্যাহারের ঘোষণা বাস্তবায়ন করা হবে বলে মারিয়া জাখারোভা আশা প্রকাশ করেন।

সূত্র: পার্স টুডে

যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচনের মেইল ভোট শুরু

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ৩ নভেম্বর। তবে দেশটিতে শুক্রবার থেকে এ নির্বাচনের মেইল ভোট কার্যক্রম শুরু হয়েছে। দেশটির নর্থ ক্যারোলিনা থেকে এই ভোটের কার্যক্রম শুরু

হয়।

নর্থ ক্যারোলিনায় মেইল ভোটের জন্য ৬০ লাখের বেশি ব্যালট পাঠানো হয়েছে। ২০১৬ সালে যুক্তরাষ্ট্রে এক চতুর্থাংশ ভোট পড়েছিল এই মেইলে। তবে এবার করোনার কারণে ধারণা করা হচ্ছে, গতবারের চেয়ে ভোটাররা মেইলে বেশি ভোট দেবেন।

এদিকে প্রেসিডেন্ট নির্বাচনের আগে যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহরে সংঘাত ছড়িয়ে পড়ছে, যা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জন্য একটি শঙ্কার বিষয়। এদিকে ডেমোক্র্যাটিক দলের জো বাইডেন সরকার পরিচালনায় ট্রাম্পের ব্যর্থতা মার্কিন জনগণের কাছে তুলে ধরছেন।

সূত্র : ফক্স নিউজ

লাদাখের ১০০০ বর্গকিলোমিটার এলাকা চীনের দখলে

বিতর্কিত লাদাখ সীমান্তের প্রকৃত নিয়ন্ত্রণ রেখার (এলএসি) আশপাশে প্রায় ১ হাজার বর্গ কিলোমিটার এলাকা দখল করে নিয়েছে চীন। ভারতীয় একটি গোয়েন্দা সংস্থা কেন্দ্রীয় সরকারকে এই তথ্য জানিয়েছে।

ভারতীয় সংবাদপত্র দ্য হিন্দুর এক প্রতিবেদনে বলা হয়েছে, সম্প্রতি কেন্দ্রের কাছে একটি রিপোর্ট জমা দিয়েছেন গোয়েন্দারা। সেখানে বলা হয়েছে, লাদাখ সীমান্তে প্রকৃত নিয়ন্ত্রণরেখা বরাবর লাগাতার আগ্রাসন চালিয়ে যাচ্ছে চীন। এ পর্যন্ত প্রায় ১ হাজার বর্গকিলোমিটার এলাকা দখল করে ফেলেছে কমিউনিস্ট দেশটি। গত এপ্রিল মাস থেকেই প্রকৃত নিয়ন্ত্রণরেখা বরাবর সৈন্য ও হাতিয়ার মজুত করা শুরু করেছে লালফৌজ। বিশেষ করে, দেপসাং প্লেন অঞ্চলে পেট্রোলিং পয়েন্ট ১০ থেকে ১৩ পর্যন্ত প্রায় ৯০০ বর্গ কিলোমিটার দখল করেছে চীন।

গালওয়ান উপত্যকায় ১২ ও হট স্প্রিং এলাকায় ১২ বর্গ কিলোমিটার এলাকা দখল করেছে চীনা বাহিনী। শুধু তাই নয়, প্যাংগং লেক বরাবর

ফিঙ্গার ১ থেকে ফিঙ্গার ৮ পর্যন্ত বরাবর টহল দিয়ে এসেছে ভারতীয় ফৌজ।

তবে চীনের দাবি, ফিঙ্গার ৮ থেকে ফিঙ্গার ৪ পর্যন্ত তাদের এলাকা। ফলে সংঘাত বাড়ছে দুই বাহিনীর মধ্যে। গত মে মাসে ওই এলাকায় আচমকাই ভারতীয় জওয়ানদের ওপর লাঠি ও পাথর নিয়ে হামলা চালিয়েছিল চীনা বাহিনী।

ওই ঘটনার পর থেকেই প্রচুর সেনা মোতায়েন করেছে লালফৌজ। শুধু তাই নয়, ফিঙ্গার ৪ থেকে আর ভারতীয় জওয়ানদের টহল দিতে দিচ্ছে না চীনারা। বর্তমানে ওই ফিঙ্গার ৪-ই কার্যত সীমান্ত হয়ে দাঁড়িয়েছে।

এহেন পরিস্থিতিতে গত ২৯ আগস্ট ও ৩০ আগস্ট রাতে প্যাংগং লেকের দক্ষিণ প্রান্ত দিয়ে ভারতের জমিতে ঢোকার চেষ্টা করে লালফৌজ। ফলে ওই এলাকার পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে উঠেছে। এদিকে, সংঘাত থামাতে ওই ঘটনার পর চুশুল বর্ডার মিটিং পয়েন্টে ব্রিগেড কম্যান্ডার স্তরে বৈঠক হয় দুই দেশের।

সূত্র : দ্য হিন্দু

রাশিয়াকে গ্যাস পাইপলাইন প্রকল্প বন্ধের হুমকি জার্মানির

রাশিয়ার বিরোধী দল নেতা অ্যালেক্সেই নাভালনির উপর বিষাক্ত নার্ভ এজেন্ট প্রয়োগের ঘটনার জেরে তীব্র প্রতিক্রিয়া জানাল জার্মানি। রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের উপর ক্ষুব্ধ জার্মান চ্যান্সেলর অ্যাঞ্জেলা মর্কেল বলেন, পুতিন যে ভাষা বোঝেন আমরা সেই ভাষায় কথা বলছি। নাভালনির উপর নার্ভ এজেন্ট কেন প্রয়োগ করা হয়েছে তার জবাবদিহি করতে হবে পুতিনকে। এর প্রতিবাদে আমরা রাশিয়ার সঙ্গে গ্যাস পাইপলাইন প্রকল্প স্থগিত রাখার বা বাতিল করার কথা ভাবছি।

মর্কেলের এই বিবৃতিতে চাঞ্চল্য দেখা দিয়েছে ইউরোপের রাজনীতিতে। রাশিয়া বিবৃতি দিয়েছে, নাভালনির অসুস্থ হওয়ার ঘটনায় প্রেসিডেন্ট পুতিন কোনওভাবেই জড়িত নন। সন্দেহের বশে পুতিনের উপর মিথ্যে দায় চাপাচ্ছেন চ্যান্সেলর মের্কেল। তাছাড়া গ্যাস পাইপলাইনের মতো অর্থনৈতিক প্রকল্পের সঙ্গে এই রাজনৈতিক ঘটনার কোনও তুলনা বা যোগ টানা যেতে পারে না।

যদিও রাশিয়ার বিবৃতি খারিজ করে জার্মানি জানিয়েছে, নাভালনি কোমাচ্ছন্ন এবং গুরুতর অসুস্থ। কিন্তু পাইপলাইন প্রকল্প স্থগিত রাখার সিদ্ধান্ত নিতে চলেছে জার্মানি।
জার্মান চ্যান্সেলর অ্যাঞ্জেলা মর্কেলের মুখপাত্র স্টিফেন সেইবার্ট এক বিবৃতিতে জানিয়েছেন, নাভালনির শরীর থেকে নেওয়া একাধিক নমুনায় সোভিয়েত জমানার রাসায়নিক হাতিয়ার নার্ভ এজেন্ট নভিচকের উপস্থিতি পাওয়া গেছে। জার্মান সেনার একটি গবেষণাগারে ওই স্যাম্পলগুলি বারবার পরীক্ষা করে এই বিষয়ে নিশ্চিত হওয়া গেছে। তার মানে ইঞ্জেকশন বা খাবারের সঙ্গে মারাত্মক শক্তিশালী ওষুধ নভিচক দিয়ে অসুস্থ করে দেওয়া হয় নাভালনিকে। নাভালনির উপর এমন হামলা খুবই ন্যক্কারজনক। আমরা এই ঘটনার তীব্র ভাষায় প্রতিবাদ জানাচ্ছি।

এরপর থেকেই রাশিয়ার সঙ্গে বহু কোটি ডলারের গ্যাস পাইপলাইনের মতো যৌথ প্রকল্প বাতিল করার দাবি জানাতে থাকেন জার্মান এমপি’রা।

উল্লেখ্য, গত ২০ আগস্ট সাইবেরিয়ার টমস্ক থেকে বিমানে মস্কো ফিরছিলেন নাভালনি। মাঝ আকাশে আচমকাই অসুস্থ হয়ে পড়েন তিনি। উপায় না দেখে ওমস্ক শহরে বিমানের জরুরি অবতরণ করিয়ে শুরু হয় চিকিৎসা। নাভালনি ঘনিষ্ঠদের প্রাথমিক ধারণা, টমস্ক বিমানবন্দরে তার চায়ে বিষ মেশানো হয়েছে। চিকিৎসকরা জানান, নাভালনির স্নায়ুতন্ত্র ক্রমশ দুর্বল হয়ে পড়ছিল। কোমায় আচ্ছন্ন হন তিনি। সেটা বিষের প্রভাবে বলেই ধারণা করা হচ্ছিল। এরপর নাভালনির শারীরিক অবস্থার দ্রুত অবনতি হতে থাকায় তাকে জার্মানির বার্লিনে উড়িয়ে নিয়ে যাওয়া হয়। সেখানকার চিকিৎসকরা পরীক্ষার পর বিষ প্রয়োগের ব্যাপারটি নিশ্চিত করেন। বর্তমানে তার অবস্থার অবনতি না হলেও এখনও গভীর কোমায় আছন্ন রয়েছেন তিনি।

মালয়েশিয়ায় বাংলাদেশিদের প্রবেশে নিষেধাজ্ঞা আসছে ৭ সেপ্টেম্বর থেকে

আগামী সোমবার (৭ সেপ্টেম্বর) থেকে কোভিড -১৯-এর দেড় লাখের বেশি মামলা রেকর্ড করা দেশগুলোর নাগরিকদের উপর সরকার প্রবেশ নিষেধাজ্ঞা জারি করবে বলে জানিয়েছে মালয়েশিয়ার প্রতিরক্ষামন্ত্রী দাতুক সেরি ইসমাইল সাবরি ইয়াকুব।

সিনিয়রমন্ত্রী (সুরক্ষা) বলেছেন, তালিকার দেশগুলোর মধ্যে আমেরিকা যুক্তরাষ্ট্র, ব্রাজিল, ফ্রান্স, যুক্তরাজ্য, স্পেন, ইতালি, সৌদি আরব, রাশিয়া এবং বাংলাদেশ রয়েছে। পাশাপাশি তিনটি দেশ ভারত, ইন্দোনেশিয়া এবং ফিলিপিন্সের নাম আগে ঘোষণা করা হয়েছে। আমরা উচ্চ-ঝুঁকিযুক্ত বলে বিবেচিত আরও বেশি দেশকে এই তালিকায় যুক্ত করব, যার দেড় হাজারেরও বেশি ইতিবাচক মামলা রয়েছে। তাদের নাগরিকদের (মালয়েশিয়ায় প্রবেশ নিষিদ্ধ) করা হবে।

‘তবে, জরুরি পরিস্থিতি বা দ্বিপক্ষীয় সম্পর্কের সাথে জড়িত যেমন-যদি কোনও ব্যক্তির দেশগুলোর মধ্যে বৈঠকের জন্য আসা দরকার হয়, তবে আমরা প্রবেশের অনুমতি দেব। তবে এতে ইমিগ্রেশন বিভাগের অনুমতির প্রয়োজন। আজ বৃহস্পতিবার তিনি বিশেষ কমিটির বৈঠকে সভাপতিত্বের পরে সাংবাদিকদের এসব কথা বলেন।
তিনি আরও বলেন, স্বাস্থ্য মন্ত্রণালয় কোভিড -১৯-এর পরে দেড় লাখের বেশি ইতিবাচক মামলা রেকর্ড করেছে এমন দেশগুলোর বিষয়ে বিশদ ঘোষণা করবে।

গত মঙ্গলবার ইসমাইল সাবরি সে দেশগুলোতে কোভিড -১৯ মামলার বৃদ্ধির কারণে ৭ সেপ্টেম্বর থেকে ভারত, ইন্দোনেশিয়া এবং ফিলিপাইন থেকে দীর্ঘমেয়াদী পাসধারীদের প্রবেশ নিষেধাজ্ঞার ঘোষণা দিয়েছে।

নিষেধাজ্ঞায় ছয়টি ক্যাটাগরির পাস হোল্ডার অন্তর্ভুক্ত রয়েছে, যথা স্থায়ী আবাসিক স্ট্যাটাস (পিআর), মালয়েশিয়া মাই সেকেন্ড হোম

প্রোগ্রাম (এমএম 2 এইচ) অংশগ্রহণকারীরা, পেশাদার ভিজিট পাস (পিভিপি) ধারক এবং আবাসিক পাসধারীরা সহ অভিবাসীরা।

মালয়েশিয়ার নাগরিকদের পত্নী এবং তাদের সন্তানদের পাশাপাশি তিনটি দেশের শিক্ষার্থী যারা মালয়েশিয়ায় ফিরে আসতে চেয়েছিল তাদেরও নিষেধাজ্ঞা ছিল।

এদিকে ইসমাইল সাবরি বলেছেন, উচ্চ ঝুঁকিপূর্ণ দেশ থেকে মালয়েশিয়ানদের দেশে ফিরতে দেওয়ার ক্ষেত্রে সরকারের কোনও সমস্যা নেই। তবে মানক অপারেটিং পদ্ধতিতে (এসওপি) নির্ধারিত ১৪ দিনের বাধ্যতামূলক কোয়ারেন্টাইনে থাকতে হবে তাদের।

নতুন এ সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে তিনি বলেন, কোভিড-১৯ মহামারী মোকাবিলার জন্য জনগণ এসওপি-র অনুসরণ করে চলেছে তা নিশ্চিত করার জন্য এটি আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত পরিচালিত হবে।

সূত্র- বিডি প্রতিদিন